হে আল্লাহ! তুমি আমাকে মার্জনা কর, যে অপরাধ আমি পূর্বে করেছি এবং যা পরে করেছি, যা গোপনে করেছি এবং যা প্রকাশ্যে করেছি।

আলী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
যখন সালাতের জন্য দণ্ডায়মান হতেন, তখন তাশাহহুদ ও সালাম ফিরার মধ্যখানে এই দু'আ
পড়তেন। অর্থাৎ, “হে আল্লাহ! তুমি আমাকে মার্জনা কর, যে অপরাধ আমি পূর্বে করেছি এবং যা পরে করেছি, যা গোপনে করেছি এবং যা প্রকাশ্যে করেছি, যা অতিরিক্ত করেছি এবং যা তুমি
আমার চাইতে অধিক জান। তুমি আদি, তুমিই অন্ত। তুমি ব্যতীত কেউ সত্য উপাস্য নেই।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাতের জন্য দণ্ডায়মান হতেন, তখন তাশাহহুদ ও সালাম ফিরার মধ্যখানে এই দু'আ পড়তেন। অর্থাৎ, “হে আল্লাহ! তুমি আমাকে মার্জনা কর, যে অপরাধ আমি পূর্বে করেছি এবং যে আমল আমি পরে করেছি। আমার থেকে যত প্রকার বাড়াবাড়ি হয়েছে। আর আমি যা গোপনে করেছি এবং যা প্রকাশ্যে করেছি। আর যা আমি অতিরিক্ত করেছি অর্থাৎ সীমালঙ্গন করেছি। এটি গুনাহের বিভিন্ন প্রকার উল্লেখ করার মাধ্যমে ক্ষমা চাওয়ার বিষয়ে মুবালাগাহ করা। আর যা তুমি আমার চাইতে অধিক জান। অর্থাৎ সে সব গুনাহ মাফ কর যার সংখ্যা ও হুকুম আমি জানি না। তুমিই পিছেকারী। অর্থাৎ সাহায্য না করে কতক বান্দাকে পশ্চাতে ঠেলে দেন। আর তুমিই অগ্রগামীকারী, অর্থাৎ কতক বান্দাকে সম্মানের মর্তবায় উন্নীত করেন। আর তুমি অন্ত তার জন্যে যাকে তুমি উচ্চতা থেকে নিচে নামাতে চাও। তুমি ব্যতীত কোন ইলাহ নেই। অর্থাৎ, তুমি ছাড়া সত্যিকার কোন ইলাহ নেই।

https://sunnah.global/hadeeth/bn/show/5471